উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর আগষ্ট/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : আব্দুল্লাহ আল বাকিউল বারী
প্রশাসক, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৪/০৮/২০২৫ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী গত ২৪/০৭/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, কোন সমস্যা নেই। অতি বৃষ্টির কারনে আমাদের বিভিন্ন রাস্তার ব্যপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে কথা বলে স্বাভাবিকভাবে চলাচলের জন্য চেষ্টা করা হচ্ছে। কয়েকটি রাস্তায় রুটিন মেরামত ও কয়েকটি জরুরি মেরামতের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেন। পিইডিপি-৪ এর আওতায় দুটি স্কুল (গুজিয়াম ও সতেরপাড়া) এবং ৬টি স্কুলের বাউন্ডারী ওয়াল সাখুয়া, খাগাডি মধ্যপাড়া আরপিএস, নগড়চড়া মধ্যপাড়া আরপিএস, কাটাখালি গার্লস আরপিএস, সোনাখালী মধ্যপাড়া, ত্রিশাল জিপিএস জায়গা সমস্যা/জটিলতার কারনে কাজ করা সম্ভব হচ্ছেনা । এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>এছাড়া সভাপতি মহোদয় ঢাকা-ময়মনসিংহ হাইওয়ে হতে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় পর্যন্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে সংস্কার করার জন্য সভায় প্রস্তাব করেন। অতি জরুরী বিবেচনা করে প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । | উপজেলা এলজিইডি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>প্রস্তাবমতে রাস্তাটি ২০২৫-২৬ অর্থ বছরে উপাজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিল হতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে পিআইসি এর মাধ্যমে দ্রুত সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | উপজেলা প্রানিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,সামাজিক কর্মসূচী সহ অত্র অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। এছাড়া হাসপাতাল সমাজসেবার আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ রোগী কল্যান সমিতির মাধ্যমে অসহায় দরিদ্র রোগীদের সেবায় বিনামূল্যে ঔষুধ ও পথ্যসহ অন্যান্য সহায়তা প্রদান চলমান আছে। এ কার্যক্রমকে আরোও গতিশীল করতে হাসপাতালে একটি নির্ধারিত রুম প্রয়োজন। আজকের সভার মাধ্যমে রোগী কল্যান সমিতির জন্য একটি নির্দিষ্ট রুম বরাদ্দের জন্য অনুরোধ করছি।<br>সভাপতি মহোদয় উক্ত বিষয়টি সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বৃক্ষরোপন ও পরিচ্ছন্নতা সপ্তাহ (9Avg-14Avg) চলমান রয়েছে, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়ের উদ্যোগে এর আওতায় ১০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বৃক্ষরোপন ও পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের টি আর/ কাবিখা/কাবিটা এর গৃহীত প্রকল্প সমূহের কাজ শেষ হয়েছে। বর্তমানে রির্পোট রিটার্নের কাজ চলমান রয়েছে।<br>২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে সভাকে অবগত করা হবে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা , ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বেকার যুবদের আত্মকর্মী করার লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন ও ঋণ প্রদান করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ :<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, আগামী ১৭/৮/২০২৫খ্রিঃ তারিখ হতে আগস্ট/২০২৫ইং মাসের খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ভোক্তাদের মাসে ১৫ টাকা কেজি দরে জন প্রতি ৩০ কেজি করে চাউল বিতরণ কার্যক্রম শুরু হবে। খাদ্য বান্ধব কর্মসূচির সফল ও সুন্দর করার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। ইউনিয়ন পর্যায়ে সম্মানিত প্রশাসক/চেয়ারম্যান মহোদয়গণকে স্ব-স্ব ইউনিয়নে খাদ্য বান্ধব কার্যক্রম পর্যবেক্ষণ/সজাগ দৃষ্টি রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন | উপজেলা খাদ্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | সমস্যা নেই। | | |
| ১৮ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, ডি-নথিতে মোট লাইভকৃত অফিসের সংখ্যা-২৩টি নতুন ১১টি অফিসকে পত্রের মাধ্যমে তথ্য চাওয়া হয়েছে। ওয়েব পোর্টালে মোট ৩৯ টি সরকারি অফিস ১০০% হালনাগাদ আছে ২৯টি ১০০% হালনাগাদ নেই ১০টি। | উপজেলা আইসিটি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা ,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | ইউজিডিপি :<br>ইউজিডিপি প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ইউজিডিপি প্রকল্পের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২০ | উপজেলা প্রাইমারি এডুকেশন ট্রেনিং সেন্টার ঃ<br>ইন্সট্রাকটর ইউপিইটিসি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাইমারি এডুকেশন ট্রেনিং সেন্টারের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাকটর ইউপিইটিসি,<br>ত্রিশাল, ময়মনসিংহ |
| ২১ | উপজেলা গ্রাম আদালত ঃ<br>উপজেলা গ্রাম আদালতের কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা গ্রাম আদালতের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | গ্রাম আদালত,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২২ | পল্লী জীবিকায়ন প্রকল্প ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, বিআরডিবি সভায় জানান যে, উক্ত অফিসের কার্যক্রম অনুযায়ী ২০২৫-২৬ অর্থ বছরের ঋন বিতরণ করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের আদায় হয়েছে ১৫.০৯ পনেরো দশমিক শুন্য নয় লক্ষ টাকা মাত্র। অন্যান্য বিবিধ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | পল্লী জীবিকায়ন প্রকল্পের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা,<br>পল্লী জীবিকায়ন প্রকল্প, বিআরডিবি ,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২৩ | পল্লী দারিদ্র বিমোচন :<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, উক্ত অফিসের কার্যক্রম অনুযায়ী ২৫-২৬ অর্থবছরের ঋন বিতরণ জুলাই/২৫মাসে ১৫লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ২০২৫-২০২৬অর্থ বছরের ৪৫লক্ষ টাকা ঋন আদায় হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পল্লী দারিদ্র বিমোচন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা ,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২৪ | বিবিধ ঃ<br>সভাপতি মহোদয় উপজেলা পরিষদের নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে অফিস ভবনের বিভিন্ন জায়গায় সিসি ক্যামেরা লাগানোর জন্য উপজেলা পরিষদের সিসি ক্যামেরা ক্রয় খাত হতে কোটেশনের মাধ্যমে সিসি ক্যামেরা ক্রয়ের জন্য সভায় প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ।<br>এছাড়া ডেঙ্গুর প্রকোপ রোধে ঝোপঝাড়, ম্যানহোল ও পরিত্যক্ত ডোবা নালা পরিস্কার করার জন্য অপ্রত্যাশিত খাত হতেও ব্যয় করার জন্য সভায় প্রস্তাব করেন। প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । | প্রস্তাবকৃত রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক সিসি ক্যামেরা ক্রয় খাত হতে ও অপ্রত্যাশিত খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আব্দুল্লাহ আল বাকিউল বারী)
প্রশাসক
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৫-৪০

তারিখ : ১৪/০৮/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৬। প্রশাসক, ত্রিশাল পৌরসভা।
৭। উপজেলা ------------------------------ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। চেয়ারম্যান/প্রশাসক ----------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(আব্দুল্লাহ আল বাকিউল বারী)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

## ১৪/০৮/২০২৫ ইং তারিখের মাসিক সাধারণ সভার হাজিরা সীট ঃ

| ক্র.নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৫ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৬ | উপজেলা সমাজ সেবা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৪/৮/২৫ |
| ৭ | উপজেলা শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৯ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মাকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | 14.08.2025 |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৪/০৮/২৫ |
| ১১ | জনস্বাস্থ্য প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৪/০৮/২০২৫ |
| ১৩ | উপজেলা সমবায় অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৪ | উপজেলা বন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | Sultana ১৪/০৮/২০২৫ |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৪/৮/২৫ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৪/৮/২৫ |
| ১৮ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৯ | উপজেলা প্রাইমারি এডুকেশন ট্রেনিং সেন্টার, ত্রিশাল, ময়মনসিংহ। | 14.8.2025 |
| ২০ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৪/০৮/২০২৫ |
| ২১ | উপজেলা তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২২ | প্রকৌশলী, রোডস এন্ড হাইওয়ে | |
| ২৩ | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২৪ | উপজেলা গ্রাম আদালত, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৪-৮-২৫ |
| ২৫ | উপজেলা কৃষি বিপনন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৪/৮/২৫ |
| ২৬ | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, বিআরডিবি। | ১৪/০৮/২৫ |
| ২৭ | ~~পল্লী~~ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ | ১৪/০৮/২৫ |

১৪/০৮/২০২৫ ইং তারিখের মাসিক সাধারণ সভার হাজিরা সীট ঃ

| ক্র:নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ২ | চেয়ারম্যান/প্রশাসক, ধানীখোলা ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | A |
| ৩ | চেয়ারম্যান/প্রশাসক, বৈলর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | A |
| ৪ | চেয়ারম্যান/প্রশাসক, কাঁঠাল ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | [signature] |
| ৫ | চেয়ারম্যান/প্রশাসক, কানিহারী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৬ | চেয়ারম্যান/প্রশাসক, রামপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | A |
| ৭ | চেয়ারম্যান/প্রশাসক, ত্রিশাল ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৮ | চেয়ারম্যান/প্রশাসক, হরিরামপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | A |
| ৯ | চেয়ারম্যান/প্রশাসক, সাখুয়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | A |
| ১০ | চেয়ারম্যান/প্রশাসক, বালিপাড়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | [signature] |
| ১১ | চেয়ারম্যান/প্রশাসক, মঠবাড়ী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | [signature] |
| ১২ | চেয়ারম্যান/প্রশাসক, মোক্ষপুর্ ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | A |
| ১৩ | চেয়ারম্যান/প্রশাসক, আমিরাবাড়ী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | A |

উপজেলা পরিষদ

ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৫-০৭

তারিখ ঃ ০৪/০৮/২০২৫ খ্রি.

সভার নোটিশ

আগামী ১৪ আগষ্ট ২০২৫ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব আব্দুল্লাহ আল বাকিউল বারী, প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

০৪/০৮/২৫

(আব্দুল্লাহ আল বাকিউল বারী)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান/প্রশাসক .......................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
২. বিজ্ঞ জেলা ম্যাজিষ্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৪. অফিস কপি।